দৈনিক সংবাদ

APR. 05 2002

# রাঙ্গামাটিতে ছাত্রদল ক্যাডাররা অপহরণ করেছে বিএনপি নেতার বোনকে, হামলায় আহত ৪

**পার্বত্য অঞ্চল প্রতিনিধি ঃ** রাঙ্গামাটি শহরের ব্যস্ততম ব্যবসা কেন্দ্র ও আবাসিক এলাকা রিজার্ভ বাজারের পোড়া পাহাড় এলাকা থেকে ছাত্রদলের সশস্ত্র ক্যাডাররা অপহরণ করেছে রাঙ্গামাটি পৌর বিএনপির সাধারণ সম্পাদকের এসএসসি পরীক্ষার্থিনী বোনকে। অপহরণকারীদের হামলায় ৪ জন আহত হয়েছে।

এলাকাবাসীর মতে, বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা ২০ মিনিটের দিকে রাঙ্গামাটি শহর ছাত্রদলের নেতা সিরাজুল মোস্তফার নেতৃত্বে ছাত্রদলের ১০/১২ জন ক্যাডার বিএনপি নেতা আবদুল মান্নানের বাসভবনে জোরপূর্বক প্রবেশ করে। তারা পরিবারের অন্য সদস্যদের অস্ত্রের মুখে জিম্মি করে এসএসসি পরীক্ষার্থিনীকে অপহরণ করে। অপহরণকারীদের বাধা দিতে গিয়ে অপহৃতের দাদি, বাবা, ভাই ও ভাবি আহত হয়। পরে অপহরণকারীরা অপহৃতাকে নিয়ে বীরদর্পে অটোরিকশাযোগে ঘটনাস্থল ত্যাগ করে।

এলাকাবাসী জানান, ছাত্রদলের চিহ্নিত সন্ত্রাসী আনোয়ারুল মোস্তফা, যীশু, তাপস, লেদাইয়াসহ অন্যান্য সন্ত্রাসীরা চিহ্নিত সিরাজুল মোস্তফার সঙ্গে ছিল। ঘটনার পর পরই বিএনপি, যুবদল, ছাত্রদলের নেতৃবৃন্দ এবং পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করেছেন। রাঙ্গামাটি কোতোয়ালি থানায় যোগাযোগ করা হলে পুলিশ জানায়, এ ব্যাপারে তারা অবগত আছে, তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত কোন মামলা হয়নি।